মেহেরপুরে আইবিডব্লিউএফ’র মত বিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ইন্ডাস্ট্রিয়ালিস্টস এন্ড বিজনেসম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) গাংনী উপজেলা শাখা আয়োজিত মত বিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে মেহেরপুরের গাংনী বাজার সিঙ্গার শো রুমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা আইবিডব্লিউফ এর সভাপতি ফকির মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন আইবিডব্লিউএফ এর মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আইবিডব্লিউএফ এর সভাপতি খালিদ মোঃ সাইফুল ইসলাম, জেলা সেক্রেটারি মোঃ সাজ্জাদুল ইসলাম পলাশ।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী গাংনী উপজেলা আমীর ও আইবিডব্লিউএফ উপদেষ্টা ডাঃ মোঃ রবিউল ইসলাম, আইবিডব্লিউএফ এর সাবেক জেলা সভাপতি ও বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা কর্মপরিষদ সদস্য নাজমুল হুদা, ইসলামী ব্যাংক গাংনী শাখার ম্যানেজার অপারেশন মোঃ হাসিবুল ইসলাম, গাংনী পৌর আইবিডব্লিউএফ সভাপতি মনিরুল ইসলাম, গাংনী পৌর জামায়াতের আমীর মোঃ আহসানুল হক, বায়তুল মাল ও রাজনৈতিক সেক্রেটারি মোঃ জিল্লুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজউদ্দিন খান বলেন সততার মাধ্যমে আমাদের সকলকে ব্যবসা বাণিজ্য পরিচালনা করতে হবে এবং সকল পন্য বিক্রয়ের ক্ষেত্রে সঠিক ভাল পন্য উল্লেখ করতে হবে। আল্লাহ তাআলা রিজিকের ৯০ ভাগ ব্যবসার মাধ্যমে আসে তাই আমাদের সৎ সকল ব্যবসায়ীকে সৎ ও নির্ভীক হতে হবে। রাসুল বলেছেন ব্যবসিক রা নবী- রাসূল ও শহীদদের সাথে জান্নাতে থাকবেন সেজন্য আমাদেরকে সততার সাথে ব্যবসা করতে হবে।

বিডিআর হত্যাসহ ছাত্রজনতা গণহত্যার আসামিদের আইন অনুযায়ী বিচার হবে-আমান উল্লাহ আমান

বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক মন্ত্রী আমান উল্লাহ আমান বলেছেন, ‘যারা ফ্যাসিস্ট সরকারের দোসর হিসেবে কাজ করেছে তাদের বিএনপিতেও জায়গা হবে না।’

আজ মঙ্গলবার (১০ ডিসেম্বর) দুপুরের দিকে কুষ্টিয়া শহরের দিশা টাওয়ারে আয়োজিত কুষ্টিয়া জেলা বিএনপির সকল ইউনিটের কাউন্সিল নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষে বিএনপির নেতা-কর্মীদের নিয়ে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

আমান উল্লাহ আমান বলেন, ‘নিজেদের মধ্যে ভেদাভেদ ভুলে দেশ গড়তে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। দেশপ্রেমী বাংলাদেশী হিসেবে নিজেদের যোগ্যতার প্রমাণ দিতে হবে। দলকে চাঙ্গা করতে কমিটিতে নতুনদের সুযোগ করে দিতে হবে। নতুনদের সুযোগ দিলে দল আরো চাঙ্গা হওয়ার পাশাপাশি নেতা-কর্মীদের মাঝে উৎসাহ তৈরি হবে।’

আমান উল্লাহ আমান আরও বলেন, বিডিআর হত্যাসহ ছাত্রজনতা গণহত্যার আসামি শেখ হাসিনা, আইন অনুযায়ী তার বিচার হবে। আর বিচারের মাধ্যমে আদালতই তাকে দেশে আনবে। সম্প্রতি ভারত ইস্যু নিয়ে বাংলাদেশে জাতীয় ঐক্য গঠিত হয়েছে। ভারত শেখ হাসিনাকে আশ্রয় দিয়েছে বলে যে বিভেদ সৃষ্টি হয়েছে ঐক্যবদ্ধভাবেই আমরা তা মোকাবিলা করব।

আমানউল্লাহ আমান বলেন, ‘শহীদ জিয়ার স্বপ্নের বাংলাদেশে আগামী দিনে নেতৃত্ব দিবে বিএনপি। তাই আমরা আশা করছি, অবিলম্বে তারেক রহমান দেশে আসবেন। কুষ্টিয়া বিএনপির কাউন্সিলে উপস্থিত থাকবেন।’

তিনি বলেন, ‘বৃহত্তর কুষ্টিয়া জেলা বিএনপির ঘাটি। শহীদ জিয়াউর রহমান এই জেলাকে যেভাবে ভালোবাসতেন তেমনি দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের দরদ রয়েছে। অদৃশ্য শক্তি দেশকে অরজাকতার

দিকে ঠেলে দিতে ষড়যন্ত্র করছে। তাই আমাদের সতর্ক থাকতে হবে।’

জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিনের সভাপতিত্বে ও সদস্যসচিব ইঞ্জিনিয়ার জাকির হোসেন সরকারের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য দেন বিএনপির খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক অনিন্দ ইসলাম অমিত, সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুণ্ডু, কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক এমপি সৈয়দ মেহেদী আহমেদ রুমী, সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক এমপি অধ্যক্ষ সোহরাবউদ্দিন, সাবেক জেলা সভাপতি ও সাবেক এমপি অধ্যাপক শহিদুল ইসলাম, সাবেক এমপি রেজা আহমেদ বাচ্চু মোল্লা, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ফরিদা রহমান প্রমুখ।

দর্শনা বৃদ্ধাশ্রমে সুধীজনদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনা পৌর এলাকার আনোয়ারপুর হটাৎপাড়ায় অবস্থিত সিনিয়র সিটিজেন হোম (বৃদ্ধাশ্রম) সুধীজনদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৪ টায় বৃদ্ধাশ্রমে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সামাজিকভাবে পরিবার ও সমাজ দ্বারা অবহেলিত বাবা মায়েদের পাশে থাকা নিয়ে আলোচনা করেন। বর্তমান সমাজের বাবা মায়ের গুরুত্বের বাস্তব পরিস্থিতি বিষয়টি উঠে আসে। দায়িত্ব বোধের জায়গা থেকে সমাজের সিনিয়র বাবা মায়েরা যেন অবহেলার শিকার না হয় সে ব্যাপারে আলোকপাত করা হয়েছে। বাবা মায়ের আরো দায়িত্বশীল আচরণ করার উপর সামাজিক উদ্যোগ নেয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করা হয়। প্রাথমিকভাবে বৃদ্ধাশ্রমটিতে শুধুমাত্র বাবাদের জন্য ব্যবস্থা নেয়া হয়েছে। পরবর্তীতে মায়েদের জন্যেও ব্যবস্থা রাখা হবে। বৃদ্ধাশ্রমের প্রথম সদস্য ৭০ বছর বয়সী আবু যর গিফারী তার জীবনের নানান কথা তুলে ধরেন।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন সিনিয়র সিটিজেন হোম (বৃদ্ধাশ্রম) এর উদ্যোক্তা মোঃ সিরাজুল ইসলাম, দর্শনা পৌর বিএনপির সমন্বয়

আলহাজ্ব মশিউর রহমান, সাবেক কি রোজ কর্মকর্তা সমাজ সেবক খালেকুজ্জামান, সমাজসেবক মোঃ আসাদুজ্জামান, মহিউদ্দীন, নজরুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের সাবেক ভিপি হারুনুর রশীদ,সমাজসেবক তরিকুল ইসলাম প্রমুখ।

বাংলার মাটিতে ১৪ দলের দোসররা কেউ রাজনীতি করতে পারবে না- রাশেদ খান

বাংলার মাটিতে আওয়ামী লীগ, জাতীয় পার্টিসহ ১৪ দলের দোসররা কেউ রাজনীতি করতে পারবে না বলে হুশিয়ারি দিয়েছেন গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান।

গতকাল শুক্রবার বিকেলে ঝিনাইদহ শিশু একাডেমী মিলনায়তনে সম্প্রীতির বাংলাদেশ গঠন ও রাষ্ট্র সংস্কারে করণীয় শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

গণঅধিকার পরিষদ ঝিনাইদহ জেলার সভাপতি প্রভাষক সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় নেতা এবিএম আশিকুর রহমান, বিল্লাল হোসেন, গণঅধিকার পরিষদের ঝিনাইদহ জেলার সাধারণ সম্পাদক ইকবাল জাহিদ রাজন, রাজশাহী বিভাগীয় সাংগঠনিক সম্পাদক সুমন কবির, খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক আশিক ইকবাল ও রিহান উদ্দীন রায়হান। সভা পরিচালনা করেন ছাত্রঅধিকার পরিষদের নেতা আব্দুল্লাহ আল মামুন।

রাশেদ খাঁন বলেন, যারা ভারতে বসে নাটাই ঘুরায়, বাংলাদেশের রাজনীতি নিয়ে নাক গলায়, দিল্লিতে বসে বাংলাদেশে কে ক্ষমতায় আসবে কি আসবে না বলে সিদ্ধান্ত নেয় তাদের ষড়যন্ত্র আর কুট পরিকল্পনা রুখে দিতে আমরা ঐক্যবদ্ধ হয়েছি। তিনি বলেন, বাংলাদেশে মোদির আধিপত্যবাদ বিরোধী আন্দোলন আমরাই করেছিলাম। দিল্লির কসাই মোদীর হাতে মুসলমানদের রক্ত লেগে আছে। তাকে প্রতিহত করতে সেদিন গণঅধিকার পরিষদ মাঠে নেমেছিল এবং জেল জুলুমের শিকার হয়েছিল।

রাশেদ খাঁন বলেন, খুনি হাসিনা ও তার দলকে বিচারের মুখোমুখি না করা পর্যন্ত আওয়ামী লীগকে বাংলাদেশে রাজনীতি করতে দেওয়া হবে না। শুধু আওয়ামী লীগই নয়, জাতীয় পার্টিসহ ফ্যাসিষ্ট হাসিনার আশির্বাদপুষ্ট ১৪ দলের কোন নেতাকর্মীকে ডামি, মামি ও স্বতন্ত্র পদে নির্বাচন করতে দেওয়া হবে না। খুনি হাসিনাকে গণহত্যা ও গণতন্ত্র হত্যার দায়ে ভারত থেকে ফিরিয়ে তাকে ফাঁসির দড়িতে ঝোলাতে হবে। আর সরকার যদি হাসিনার দলের সঙ্গে সমঝোতা করে তাদের নির্বাচনের মাঠে নামায় তবে সরকারের বিরুদ্ধেও মাঠে নামার হুসিয়ারী দেন তিনি। তিনি বলেন, হাসিনা তার দলের নেতাকর্মীদের চাঙ্গা করতে ঘন ঘন অডিও ফাঁসের নাটক করছেন। এই নাটক বন্ধ করতে সরকারকে উদ্যোগ নিতে হবে। ফেসবুক, ইউটিউবসহ সামাজিক মাধ্যমে পতিত স্বৈরাচার হাসিনার অডিও প্রচার বন্ধ করতে কঠোর ব্যবস্থা নিতে তিনি সরকারের প্রতি আহবান জানান।

রাশেদ খাঁন বলেন, কেউ স্বীকার না করলেও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান জুলাই গণঅভ্যুথানে গুরুত্বপুর্ন ভুমিকা পালন করেছিলেন। তিনি সর্বশক্তি দিয়ে ছাত্রদের সামাজিক আন্দোলনকে রাজনীতিকরণ করে হাসিনা পতন আন্দোলন ত্বরান্বিত করেন। তারেক রহমান একটি ইতিবাচক চিন্তার জায়গা থেকে আমাকে (রাশেদ খাঁন) সহায়তা করতে ঝিনাইদহ বিএনপি নেতাদের চিঠি দিয়েছিলেন। কিন্তু তারা হাইকমান্ডের এই চিঠির মর্মার্থ বুঝতে ভুল করে আমাকে অসহযোগিতা করে যাচ্ছেন। ঝিনাইদহ বিএনপি হাইকমান্ডের নির্দেশ মানছেন না। কার্যত তারা তারেক রহমানকেই মানেন না। তাহলে তারা কিসের দল করেন ? তিনি দৃঢ়তার সঙ্গে বলেন, আমি এমপি-মন্ত্রী হওয়ার জন্য রাজনীতি করি না। আমরা এমপি মন্ত্রী তৈরী করি, এমপি-মন্ত্রী বানায়। গণঅধিকার পরিষদ ছাত্র আন্দোলনের কারখানা। তারা ক্ষমতায় যেতে রাজনীতি করে না, পরিবর্তনের জন্য আমরা রাজনীতি করি। রাশেদ খাঁন বলেন, আমাকে সহায়তা করতে তারেক রহমানের এই চিঠি নিয়ে যারা নোংরা খেলায় মেতেছেন তার ছাত্র জনতার বিপ্লবে বিশ্বাস করে না। এমনটি করলে বিপ্লব ব্যার্থ হবে। ফ্যাসিবাদী শক্তির উত্থান ঘটবে। তখন কেউ রেহাই পাবেন না। এ থেকে সবাইকে সজাগ থাকতে হবে।

রাশেদ খাঁন অভিযোগ করে বলেন, ঝিনাইদহে দখলবাজী, চাঁদাবাজী ও টেন্ডারবাজীসহ নানা অপরাধ চলছে। আমরা তো এসব করার জন্য বিপ্লব করিনি। এসব কর্মকান্ড চলতে দেওয়া হবে না। সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা দুর্নীতির বিরুদ্ধে লেখুন। কেউ হুমকী দিলে আমি রাশেদ খাঁন আপনাদের জন্য বুক পেতে দেব।

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে বাস মালিক সমিতির মতবিনিময় সভা অনুষ্ঠিত

“আমরা স্বাধীনতা এনেছি সংস্কার আনবো” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে যশোর, কালিগঞ্জ ও চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মালিক সমিতির দ্বন্দ্বে দীর্ঘ পাঁচ বছর যশোর টু চুয়াডাঙ্গা সড়কে সরাসরি বাস চলাচল বন্ধ থাকার কারণে সাধারণ মানুষের হয়রানি লাঘবের জন্য সরাসরি বাস চলাচলের দাবিতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আয়োজনে আজ শনিবার বিকালে পৌর পাঠাগার মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক কমিটির সংগঠক হৃদয় আহসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজুল ইসলাম। প্রধান আলোচক পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি আবু বকর বিশ্বাস , উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের প্রস্তাবিত উপদেষ্টা ও সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান বিশ্বাস, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মুহাবিয়া হোসাইন, কালিগঞ্জ বাস মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন, মহেশপুর বাস মালিক সমিতির সভাপতি এম এ ওয়াদুদ, যশোর বাস মালিক সমিতির সভাপতি মুসলিম উদ্দিন, যশোর মালিক সমিতির সিনিয়র সহ-সভাপতি শফিউল আলম, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতির সভাপতি হাসান ইমাম, কালিগঞ্জ বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন তপন, চুয়াডাঙ্গা বাস মালিক সমিতি সাধারণ সম্পাদক মইন উদ্দিন মুক্তির, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব সাইদুর রহমান, জামায়াতে ইসলামী পৌর শাখার আমির মাওলানা নজির আহমেদ, সেক্রেটারি মাওলানা আব্দুল কাইয়ুম, কোটচাঁদপুর উপজেলা প্রেসক্লাবের সভাপতি মইন উদ্দিন খান, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার প্রমুখ।

মতবিনিময় সভা পরিচালনা করেন সাইফুল ইসলাম শিলু। সে সময় সরাসরি

বাস চলাচলের জন্য গুরুত্বপূর্ণ আলোচনা শেষে সবাইকে আশ্বস্ত করেন খুব শিগগিরই সরাসরি বাস চলাচল করবে বলে জানান নেতৃবৃন্দ। এ সময় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ, শিক্ষক, ছাত্র, ছাত্রী, বাস মালিক সমিতি, শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা প্রেসক্লাবে সাংবাদিকদের সাথে কারিতাস এনজিও’র মতবিনিময় সভা

“মানুষ মানুষের জন্য” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা প্রেসক্লাবে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও অন্তর্ভুক্তিকরণ প্রচার-প্রচারণামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকাল ৩টার সময় কারিতাস বাংলাদেশ এনজিও’র বাংলাদেশ প্রবীণ, প্রতিবন্ধী এবং মাদকসক্ত ব্যক্তিদের সমন্বতি উন্নয়ন প্রকল্প (SDDB) এর আয়জনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এসডিডিবি’র প্রকল্পের কার্পাসডাঙ্গা ইউনিয়ন উন্নয়ন কমিটির সভাপতি সুধিন সরকার।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক তানজির ফয়সাল, সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু সহ-সভাপতি মোজাম্মেল শিশির, যুগ্ম সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলনসহ বিভিন্ন সংবাদ কর্মী, এসডিডিবি প্রকল্পের ক্লাব লিডার, প্রতিবন্ধী ব্যক্তি, উন্নয়ন কমিটি ও সরকারি কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সঞ্চালনা করেন এসডিডিবি’র প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

দামুড়হুদায় পরিবহন কাউন্টারের নেতৃবৃন্দের সাথে ওসির মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় অবস্থিত সকল পরিবহনের কাউন্টারের নেতৃবৃন্দের সাথে গতকাল শনিবার সন্ধ্যা ৬ টার দিকে কার্পাসডাঙ্গা কাস্টমমোড়ে অবস্থিত দর্শনা ডিলাক্স পরিবহন কাউন্টার রুমে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি)হুমায়ন কবির মতবিনিময় সভা করেন ।

এ সময় তিনি আন্ত:জেলা ডাকাত রোধকল্পে সচেতনতা মূলক আলোচনা করেন।এসময় তিনি কার্পাসডাঙ্গা থেকে ছেড়ে যাওয়া ও আসা পরিবহন গুলোর সময় সূচি জেনে নেন।সেই সাথে যাত্রীদের নির্বিঘ্নে চলাচলে যাবতীয় আইনগত সহায়তা সহ নিরাপত্তা জোরদারে প্রতিশ্রুতি ব্যাক্ত করেন।যাতে করে পথে কোন অনাকাঙ্খিত ঘটনা না ঘটে তার জন্য পুলিশ সচেতন ও সজাগ আছে বলেও জানান তিনি।তাছাড়াও যেকোন সময় যে কোন প্রয়োজনে তার সাথে যোগাযোগের জন্য অনুরোধ করেন।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই নিয়ামুল হক,এ এস আই সাইদুর রহমান,দর্শনা ডিলাক্স পরিবহন কাউন্টার ম্যানেজার কার্পাসডাঙ্গা শ্রমিক ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক আ:মতিন,পূর্বাশা পরিবহন কাউন্টার ম্যানেজার কার্পাসডাঙ্গা শ্রমিক ইউনিয়নের সাবেক সভাপতি আ:হাই,দর্শনা ডিলাক্স কোচের ম্যানেজার অরুন মন্ডল,গোল্ডেন লাইন পরিবহনের ম্যানেজার সামাদ প্রমুখ।

ঝিনাইদহে অংকুর নাট্যগোষ্ঠির মতবিনিময় সভা অনুষ্ঠিত

বিদেশি সাংস্কৃতি চর্চা বাদ দিয়ে দেশীয় সাংস্কৃতিক চর্চা করে দেশকে ভালো কিছু উপহার দেওয়ার আহ্বান জানান জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ। আজ শুক্রবার সন্ধায় ঝিনাইদহ সিও বেসরকারী সংস্থার প্রধান কার্যালয়ের ৮ম তলায় এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঝিনাইদহ অংকুর নাট্য গোষ্ঠির আয়োজনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অংকুরের সহ-সভাপতি ও এরিনা এগ্রো কেয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ জিয়াউল ইসলাম খানের সভাপতিত্বে এবং অংকুরের সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াসের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন স্বেচ্ছাসেবী সংস্থা সিও’র নির্বাহী পরিচালক সামছুল আলম, জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি এনামুল কবির মুকুল, অংকুরের সহ-সভাপতি ও যুবদল নেতা আহসান হাবীব রনক, নাট্য ও ক্রীড়া ব্যক্তিত্ব জয়নাল আবেদীন, সাংবাদিক সাজ্জাদ আহমেদ ।

প্রধান অতিথি এ্যাড: এম মজিদ তার বক্তব্যে বলেন, সাংস্কৃতিক অঙ্গন সম্পর্কে এখনোও অনেকের ধারণা অস্পষ্ট। সাংস্কৃতিক কর্মীদের কাছ থেকে জনগন ভালো কিছু আশা করে। তিনি বলেন, মানুষ ভাবছে আগামীতে বিএনপি ক্ষমতায় যাবে। আমি যদি নির্বাচিত হয় এবং আমার দল যদি ক্ষমতায় যায় তাহলে জেলার বিভিন্ন শ্রেণীর মানুষের সহযোগিতা করার চেষ্টা করবো। সাংস্কৃতিক কর্মীদের উদ্দেশ্য করে তিনি আরও বলেন, বিদেশি সাংস্কৃতিক চর্চা বাদ দিয়ে দেশীয় সাংস্কৃতিক চর্চা করে দেশের মানুষকে ভালো কিছু দেওয়ার আহ্বান জানান। অংকুর আমার প্রানের সংগঠন, আমার দল সরকার গঠন করলে, সরকারের সব ধরনের সুযোগ সুবিধা প্রথমে অংকুরকে দেওয়ার আশ্বাস দেন।

মেহেরপুরে বিসিডিএস ও ফারিয়ার মতবিনিময় সভা

ফার্মাসিউটিক্যাল প্রমোশনাল অফিসারস্, এরিয়া ম্যানেজারগন এবং জেলা বিসিডিএসের নবগঠিত আহবায়ক কমিটির সাথে সৌহার্দ্যপূর্ণ মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার(১৩ নভেম্বর) সকাল ১১টার দিকে মেহেরপুর সদর উপজেলা বিসিডিএসের আহবায়ক ইলিয়াস হোসেনের সঞ্চালনায় এ মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং ফুল দিয়ে ফার্মাসিটিক্যাল প্রমোশনাল অফিসারস্, এরিয়া ম্যানেজার গণ নবগঠিত জেলা বিসিডিএসের আহবায়ক কমিটিকে সংবর্ধনা জানান ।

মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা বিসিডিএসের আহবায়ক রিনু।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিসিডিএসের কার্যনির্বাহী সদস্য কাজী খয়রুদ্দিন, ইসমাইল হোসেন, সাইফুল ইসলাম, সাবেক সহ-সভাপতি আব্দুল লতিফ, নির্বাহী সদস্য রাকিবুল ইসলাম রন, ফার্মাসিটিক্যালসের ম্যানেজার ফোরামের সভাপতি দোলন হোসেন সহ মেহেরপুর সদর উপজেলা, মুজিবনগর উপজেলা বিসিডিএসের আহ্বায়ক কমিটির সদস্যবৃন্দ ও জেলা ফারিয়ার প্রতিনিধিগণ।

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন ফার্মাসিটিক্যালসের ম্যানেজার ফোরামের দোলন হোসেন ও জেলা বিসিডিএসের আহবায়ক রিনু।

এ সময় তারা বলেন, মেহেরপুর জেলা বিসিডিএস ও জেলা ফার্মাসিটিক্যাল প্রমোশনাল অফিসারস্ সোহাদ্যপূর্ণ বজায় রেখে চলাচল করার জন্য প্রতিশ্রুতি দেন। কোন ঔষধের দোকানে যেকোনো ঔষধ কোম্পানির মেয়াদ উত্তীর্ণ ঔষধ থাকলে তা আলাদাভাবে প্যাকেটজাত করে রাখার জন্য জানান। মেয়াদ উত্তীর্ণ ওষুধ যার যার কোম্পানির প্রতিনিধিগন তালিকা করে আগামী তিন মাসের মধ্যে কোম্পানির মাধ্যমে পুনরায় রিপ্লেসমেন্ট করবে এবং মেহেরপুর জেলার সকল ঔষধ ব্যবসায়ীগণ সহ ঔষধ কোম্পানির প্রতিনিধিদের সাথে এক মিলন মেলার আয়োজন করা হবে বলে ব্যক্ত করেন।